

## 🗏 হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصِلَت

আয়াতঃ ৪১:৩

## 💵 আরবি মূল আয়াত:

## كِتُبُ فُصِلَّت المِنَّهُ قُرانًا عَرَبِيًّا لِّقَومٍ يَّعلَمُونَ ﴿٣﴾

## 🗚 অনুবাদসমূহ:

এমন এক কিতাব, যার আয়াতগুলো জ্ঞানী কওমের জন্য বিশদভাবে বর্ণনা করা হয়েছে, কুরআনরূপে আরবী ভাষায়। — আল-বায়ান

এক কিতাব, যার আয়াতগুলো বিস্তারিতভাবে ব্যাখ্যাকৃত, আরবী ভাষার কুরআন, জ্ঞানসম্পন্ন মানুষদের জন্য। — তাইসিকল

এটা এক কিতাব, বিশদভাবে বিবৃত হয়েছে এর আয়াতসমূহ আরাবী ভাষায়, কুরআনরূপে জ্ঞানী সম্প্রদায়ের জন্য – মুজিবুর রহমান

A Book whose verses have been detailed, an Arabic Qur'an for a people who know, — Sahih International

৩. এক কিতাব, বিশদভাবে বিবৃত হয়েছে এর আয়াতসমূহ, কুরআনরূপে আরবী ভাষায়, জ্ঞানী সম্প্রদায়ের জন্য,

তাফসীরে জাকারিয়া

- (৩) এমন এক গ্রন্থ যা আরবী কুরআনরূপে[1] এর বাক্যসমূহকে জ্ঞানী সম্প্রদায়ের জন্য[2] বিশদভাবে বিবৃত করা হয়েছে। [3]
  - [1] এটা 'হাল' (যা পূর্বোক্তের অবস্থা বর্ণনা করে) অর্থাৎ, এর শব্দগুলো আরবী ভাষায়। যার অর্থ বিশ্লেষিত ও সুস্পষ্ট।
  - [2] অর্থাৎ, যারা আরবী ভাষা, তার অর্থ ও ভাবার্থ এবং তার রহস্য ও বাচনভঙ্গি ইত্যাদি জানে।
  - [3] অর্থাৎ, হালাল কি এবং হারাম কি? অথবা আনুগত্য কি এবং অবাধ্যতা কি? কিংবা নেকীর কাজ কোনগুলো এবং শাস্তি পেতে হয় এমন কাজ কোনগুলো?

তাফসীরে আহসানুল বায়ান



🟶 hadithbd.com — কুরআন — হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصِلَت

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4221

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন